কালের কণ্ঠ

তারিখ: 26 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

### ঢাবিতে ভর্তি পরীক্ষা

# ‘খ’ ইউনিটে ৩১ হাজারের মধ্যে ২৬ হাজারই ফেল

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ে কলা অনুষদের অধীন ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল গতকাল সোমবার প্রকাশ হয়েছে। পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের মাত্র ১৬.৫৬ শতাংশ উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণদের মধ্যে বিষয় পছন্দক্রম পূরণকৃত শিক্ষার্থীদের বিষয় নির্বাচনে সাক্ষাৎকার আগামী ২২ অক্টোবর অনুষ্ঠিত হবে।

প্রকাশিত ফলাফলে দেখা গেছে, দুই হাজার ৩৬৩টি আসনের বিপরীতে পাস করেছে পাঁচ হাজার ১৮৮ জন। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ৩২ হাজার ৭৫৩ জন পরীক্ষার্থী আবেদন করলেও অংশ নেয় ৩১ হাজার ৩৩৬ জন শিক্ষার্থী। এক হাজার ৪১৭ জন পরীক্ষায় অংশ নেয়নি। তিনজন শিক্ষার্থীর উত্তরপত্র বাতিল করা হয়।

গতকাল দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসে এক সংবাদ সম্মেলনে ফলের বিস্তারিত তুলে ধরেন উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান। গত শুক্রবার খ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে জানানো হয়, উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ২৮ সেপ্টেম্বর বিকেল ৩টা থেকে ১০ অক্টোবর বিকেল ৩টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (admission.eis.du.ac.bd) ‘বিষয় পছন্দক্রম ফরম’ পূরণ করতে হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
উপ. পরিসংখ্যান বিভাগ
উপ. ডি.এম.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর